



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ঢাশিবো/বি/৬/আএন্ডআ/

তারিখ :

বিষয় : বিদ্যালয়ের সহকারী শিক্ষক (বরখাস্তকৃত) জনাব দেবজিৎ চন্দ্র ভৌমিক-কে চূড়ান্ত বরখাস্ত প্রসঙ্গে।

সূত্র : (১) প্রধান শিক্ষক, পলাশ পাইলট উচ্চ বিদ্যালয় কর্তৃক জনাব দেবজিৎ চন্দ্র ভৌমিক-এর বিরুদ্ধে আনীত অভিযোগনামাসহ আপীল এন্ড আরবিট্রেশন কমিটিতে আবেদন।
(২) বোর্ডের ২০/১১/২০১৯ তারিখের আপীল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বিদ্যালয়ের সহকারী শিক্ষক (বরখাস্তকৃত) জনাব দেবজিৎ চন্দ্র ভৌমিক-এর বিরুদ্ধে আনীত অভিযোগনামা- (১) অভিযুক্ত শিক্ষক ২০১৮ শিক্ষাবর্ষে ৬২ দিন, ২০১৯ শিক্ষাবর্ষে ৩০/০৪/২০১৯ পর্যন্ত ৫৩ দিন ও ০৬/০৫/২০১৯ হতে ক্রমাগত বিদ্যালয়ে অনুপস্থিত রয়েছেন, (২) ৯ম শ্রেণির 'ক' শাখার শ্রেণি শিক্ষকের দায়িত্ব পালনকালে শিক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত সেশন ও অন্যান্য ফি বিদ্যালয়ের ক্যাশে জমা না করে আত্মসাত করেছেন, (৩) উপরোক্ত কারণে ০৪/০৭/২০১৯ তারিখে তাকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করিলে নিজে গ্রহণ করেও কোনরূপ জবাব প্রদান করেননি। পুনরায় ২৩/০৪/২০১৯ ও ০২/০৫/২০১৯ তারিখে আরও দুটি কারণ দর্শানোর নোটিশ কোন জবাব প্রদান করেননি, (৪) বিগত সময়ে বিভিন্ন ব্যাংক/সমিতি ও ব্যক্তির নিকট হতে প্রতারণার মাধ্যমে প্রায় এক থেকে দেড় কোটি টাকা নিয়ে আত্মসাত করত: ০৬/০৫/২০১৯ তারিখ হতে পলাতক/আত্মগোপনে আছেন, (৫) অভিযুক্ত শিক্ষক প্রতারণার মাধ্যমে অর্থ আত্মসাত করেছেন, (৬) কর্তৃপক্ষের বিনা অনুমতিতে বিদ্যালয়ের কাজে অনুপস্থিত ও নিয়মশৃঙ্খলা অমান্যসহ পেশাগত অসদাচরণ ইত্যাদি অভিযোগের কারণে ম্যানেজিং কমিটি কর্তৃক চূড়ান্ত বরখাস্ত করা হয়েছে।

২। বোর্ডের ২০/১১/২০১৯ আপীল এন্ড আরবিট্রেশন কমিটি প্রাপ্ত অভিযোগসমূহ পৃথানুপৃথক বিশ্লেষণপূর্বক বিদ্যালয়ের সহকারী শিক্ষক (বরখাস্তকৃত) জনাব দেবজিৎ চন্দ্র ভৌমিক-কে ম্যানেজিং কমিটি কর্তৃক চূড়ান্ত বরখাস্তকরণের সিদ্ধান্তের বিষয়টি সর্বসম্মতভাবে অনুমোদন করেছে।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে

প্রাপক : সভাপতি, ম্যানেজিং কমিটি
পলাশ পাইলট উচ্চ বিদ্যালয়
পোঃ- পলাশ, উপজেলা- পলাশ
জেলা- নরসিংদী।

স্বাঃ
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা

মেমো নং- ১১৩৩ (১৫)

তারিখ : ২০/১১/১৯

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, নরসিংদী।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, পলাশ, নরসিংদী।
- ৫। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৬। জেলা শিক্ষা অফিসার, নরসিংদী।
- ৭। প্রধান শিক্ষক, পলাশ পাইলট উচ্চ বিদ্যালয়।
- ৮। দেবজিৎ চন্দ্র ভৌমিক, সহকারী শিক্ষক (বরখাস্তকৃত), পলাশ পাইলট উচ্চ বিদ্যালয়।
- ৯। পি.এস.-টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১০। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা